

জাবি শিক্ষার্থীদের ধাওয়ায় গেটের বাইরে পুলিশ

অনলাইন ডেস্ক

১৮ জুলাই, ২০২৪ ১৯:১১

শেয়ার

অ +

অ -



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাইরে পুলিশের অবস্থান।

কোটা সংস্কারের দাবিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আন্দোলনকারী শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের দিনভর ধাওয়া-পাল্টা ধাওয়ায় ঘটনা ঘটেছে। পরে বৃহস্পতিবার (১৮ জুলাই) সন্ধ্যা ৬টার দিকে শিক্ষার্থীরা ধাওয়া দিয়ে পুলিশকে ক্যাম্পাসের মেইন গেটের বাইরে পাঠিয়ে দেয়।

এসময় শিক্ষার্থীদের সঙ্গে আশেপাশের গ্রামের মানুষজনও যোগ দেয় আন্দোলনে। পুলিশ সদস্যরা এখন ঢাকা-আরিচা মহাসড়কে অবস্থান নিয়ে আছেন।

এদিকে, চলমান আন্দোলনে বৃহস্পতিবার সারা দেশে অন্তত ১১ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। এদের মধ্যে চারজনের মৃতদেহ রাজধানীর উত্তরার বাংলাদেশ-কুয়েত মৈত্রী হাসপাতালে পাওয়া গেছে। হাসপাতালটির পরিচালক মিজানুর রহমান গণমাধ্যমকে চারজনের মৃতদেহের বিষয়টি নিশ্চিত করেছেন। তবে তিনি তাদের পরিচয় জানাতে পারেননি।

এর আগে উত্তরায় আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষে দুজন নিহতের খবর নিশ্চিত করেন উত্তরা আধুনিক মেডিক্যাল কলেজের অধ্যক্ষ সাক্বির আহমেদ। সব মিলিয়ে উত্তরায় ছয়জনের মৃত্যু নিশ্চিত হওয়া গেছে হাসপাতাল সূত্রে।

উত্তরায় নিহতদের মধ্যে একজনের নাম শেখ ফাহমিন জাফর। তিনি টঙ্গী সরকারি কলেজের বিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের ছাত্র।

জাফরের মা কাজী লুলুল মাকহমিন কালের কণ্ঠকে ছেলের মৃত্যুর সংবাদ নিশ্চিত করেন।

এ ছাড়া রাজধানীতে সংঘর্ষে ঢাকার রেসিডেনসিয়াল মডেল কলেজের শিক্ষার্থী ধানমন্ডির পুরনো ২৭ নম্বর সড়কে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের শিক্ষার্থী মো. ফারহানুল ইসলাম ইসলাম ভূঁইয়া (ফারহান ফায়াজ) নিহত হয়েছেন। প্রতিষ্ঠানটির একাধিক শিক্ষক কালের কণ্ঠকে এ তথ্য নিশ্চিত করেছেন। তারা জানান, দুপুরে রাজধানীর সিটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।